গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(পরিসংখ্যান ও গবেষণা উপশাখা)

শ্রম ভবন, ১৯৬, শহিদ সৈয়দ নজরুল ইসলাম সরনি, বিজয়নগর, ঢাকা-১০০০।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ নাসির উদ্দিন আহমেদ<br>মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) |
| সভার তারিখ | ০৩ নভেম্বর ২০২২ খ্রিঃ |
| সভার সময় | সকাল ১১.০০ ঘটিকা |
| স্থান | মিনি কনফারেন্স রুম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করার জন্য আহ্বান জানান। মহাপরিদর্শক মহোদয়কে ধন্যবাদ জানিয়ে সভার সামগ্রিক আলোচনা তুলে ধরেন এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটির সদস্য সচিব জনাব মনোয়ার হোসেন।

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | গত মার্চ, ২০২২ খ্রিঃ সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ | বিগত ০৮ মার্চ, ২০২২ তারিখে এসডিজি বিষয়ক ৯ম সভার কার্যবিবরণী সম্পর্কে জানতে চাওয়া হলে কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ করা হয়েছে মর্মে জানানো হয়। | বিগত ০৮ মার্চ, ২০২২ তারিখে এসডিজি বিষয়ক ৯ম সভার কার্যবিবরণীতে কারো কোনো আপত্তি বা সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়করণ করা হয়। | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি |
| ২ | কর্মক্ষেত্রে পেশাগত দুর্ঘটনার হার কমানোর লক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন | কর্মপরিকল্পনাটি ইতোমধ্যে ৩০.০১.২০২২ তারিখ সেফটি শাখা হতে চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়েছে এবং ১৫ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.১৩ নং স্মারকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দিয়ে ২৩টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে।<br>২৭ ফেব্রুয়ারি ২০২২ তারিখে ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.১৪ নং স্মারকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে পত্র প্রেরণের জন্য সচিব মহোদয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু অদ্যাবধি শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে অগ্রগতি জানানো হয় নাই। | বিষয়টি ফলোআপ করতে হবে এবং তাগিদ পত্র প্রেরণ করতে হবে। | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি |
| ৩ | SDG বিষয়ক উদ্বুদ্ধকরণ সভার আয়োজন | গত দুই অর্থবছরে ২০২০-২১ এবং ২০২১-২২ অর্থবছরে দুর্ঘটনা হ্রাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয়েছে এবং এই অর্থবছরে কোনো কার্যালয়ে উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করা হয় নাই।<br><br>যথাসময়ে উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করার জন্য মহাপরিদর্শক মহোদয় নির্দেশ প্রদান করেন। | দুর্ঘটনা হ্রাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয় সমূহে সশরীরে উপস্থিত হয়ে অথবা ভার্চুয়ালি উদ্বুদ্ধকরণ সভা আয়োজন করতে হবে। | এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ওয়েবসাইটে এসডিজি কর্নার হালনাগাদকরণ | ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের ওয়েবসাইটে এসডিজি বিষয়ক কর্নার নিয়মিত হালানাগাদকরণের নির্দেশনা দেওয়া হলেও সকল উপমহাপরিদর্শকের কার্যালয় ওয়েবসাইট হালনাগাদ করে নি। ওয়েবসাইট হালনাগাদকৃত কার্যালয়সমূহ হলো-১। ময়মনসিংহ, ২। রাজশাহী, ৩। যশোর, ৪। বগুড়া। | যেসব কার্যালয় এখনো ওয়েবসাইটে এসডিজি বিষয়ক কর্নার হালনাগাদ করেনি সে সব কার্যালয়সমূহকে পত্র প্রেরণ করতে হবে। | ১। এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি।<br>২। ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়। |
| ৫ | প্রতি মাসে ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয় হতে এসডিজি বিষয়ক সভার কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণ | বগুড়া,রাজশাহী, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, সিরাজগঞ্জ, যশোর ও টাঙ্গাইল কার্যালয় হতে অক্টোবর মাসের এসডিজি বিষয়ক সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। অন্যান্য কার্যালয় হতে এখনো পাওয়া যায় নি। পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। | উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে প্রতি মাসে ১০ তারিখের মধ্যে এসডিজি বিষয়ক সভা করে কার্যবিবরণী প্রধান কার্যালয়ে প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে। | ১। এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি<br>২। ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয়। |
| ৬ | প্রকল্প গ্রহণ | কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্প গুলোকে এসডিজির লক্ষমাত্রার সাথে সমন্বয় করে প্রকল্প গ্রহণ করা যেতে পারে। মহাপরিদর্শক মহোদয় আরো বলেন, এসডিজি লক্ষ্যমাত্রা-৮ এর সাথে সমন্বয় করে প্রকল্প প্রণয়ন করা যেতে পারে। | কোন প্রকল্প গ্রহণ করলে তা এসডিজির লক্ষমাত্রার সাথে সমন্বয় করে গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রকল্প সেলকে পত্র প্রেরণ করতে হবে। | ১। এসডিজি বাস্তবায়ন ও মনিটরিং কমিটি।<br>২। প্রকল্প সেল। |
| ৭ | শিশুশ্রম নিরসন | ১। ঢাকার কেরানিগঞ্জে সকল কাজে শিশুশ্রম নিরসন করার জন্য দুই(০২) বছর মেয়াদী একটি কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে মহাপরিদর্শক অসন্তোষ প্রকাশ করেন।<br>২। ঢাকার কেরানিগঞ্জে সকল কাজে শিশুশ্রম নিরসন করার ক্ষেত্রে শুধু উদ্বুদ্ধকরণ সভা করে হবে না এর পাশাপাশি পুনর্বাসন করা প্রয়োজন। মহাপরিদর্শক আরো বলেন, ঢাকার কেরানিগঞ্জের যেকোনো একটি ইউনিয়ন নিয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন করা যেতে পারে। | ১। ঢাকার কেরানিগঞ্জের যেকোনো একটি ইউনিয়ন এর শিশুশ্রম নিরসন কার্যক্রম মনিটর করতে হবে।<br>২। ঢাকার কেরানিগঞ্জের যেকোনো একটি ইউনিয়ন এর শিশুশ্রম নিরসন কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।<br><br>৩। সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক শিশুশ্রম নিরসন কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। স্বাস্থ্য শাখা<br>২। উপমহাপরিদর্শকের কার্যালয়, ঢাকা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | সেমিনার আয়োজন | দুর্ঘটনা হ্রাসকল্পে উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ স্টেকহোল্ডারদের সাথে সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করা যেতে পারে। | ১। দুর্ঘটনা হ্রাসকল্পে স্টেকহোল্ডারদের সাথে সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করার জন্য উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহকে পত্র প্রেরণ করতে হবে।<br>২। দুর্ঘটনা হ্রাসকল্পে সচেতনতামূলক সভা/সেমিনার আয়োজন করার প্রমানক প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। | ৩১টি উপমহাপরিদর্শকের কার্যালয় |
| ৯ | SDG বিষয়ক লিফলেট উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ। | কারখানা ও প্রতিষ্ঠানে দুর্ঘটনা হ্রাসকল্পে প্রস্তুতকৃত লিফলেট মহাপরিদর্শক বরাবর উপস্থাপন করা হলে মহাপরিদর্শক মহোদয় লিফলেট প্রস্তুতের জন্য দিকনির্দেশনা দেন। মহাপরিদর্শকের নির্দেশনা অনুযায়ী লিফলেট প্রস্তুত করে উপমহাপরিদর্শকের কার্যালয়ে প্রেরণ করা যেতে পারে। | প্রধান কার্যালয়ের সেফটি শাখা হতে প্রস্তুতকৃত লিফলেট, পোস্টারের ফরমেট অনুযায়ী উপমহাপরিদর্শকের কার্যালয়সমূহ নিজস্ব বাজেট হতে লিফলেট, পোস্টার ছাপিয়ে কলকারখানা ও প্রতিষ্ঠানে বিতরণ করবে। | সেফটি শাখা এবং ৩১ টি উপমহাপরিদর্শকের কার্যালয় |

২। পরিশেষে সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০২.৯৯.০৩৫.১৯.১২৭

তারিখ: ২৩ কার্তিক ১৪২৯
০৮ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২) যুগ্ম মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৩) উপমহাপরিদর্শক (সকল), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

৪) আহ্বায়ক ও ফোকাল পয়েন্ট, এসডিজি বাস্তবায়ন টিম, উপ মহাপরিদর্শক, সাধারণ শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৫) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) , সাধারণ অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৬) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সাধারণ) , প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৭) সদস্য, এসডিজি বাস্তবায়ন টিম, সহকারী মহাপরিদর্শক (সেফটি), সেইফটি অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৮) সদস্য সচিব, এসডিজি বাস্তবায়ন টিম, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, পরিসংখ্যান ও গবেষণা উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

৯) শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর( ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১০) শ্রম পরিদর্শক, অতিরিক্ত মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

মোঃ নাসির উদ্দিন আহমেদ
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)